



ঢাকা বিশ্ববিদ্যালয়

ডিজাস্টার সায়েন্স এন্ড ক্লাইমেট রেজিলিয়েন্স বিভাগ (DSCR)  
প্রফেশনাল মাস্টার্স ইন ডিজাস্টার সায়েন্স এন্ড ক্লাইমেট রেজিলিয়েন্স (PMDSCR)

ভর্তি বিজ্ঞপ্তি  
(২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিজাস্টার সায়েন্স এন্ড ক্লাইমেট রেজিলিয়েন্স বিভাগে Professional Masters in Disaster Science and Climate Resilience (PMDSCR) প্রোগ্রামে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

কোর্সের মেয়াদ: ০২ বছর (০৪ সেমিস্টার)।

**আবেদনের যোগ্যতা:** প্রার্থীদের স্নাতক বা সমমানের ডিগ্রীধারী হতে হবে এবং কোনো পরীক্ষায় তৃতীয় শ্রেণি/জিপিএ/সিজিপিএ ২.৫ এর নীচে থাকতে পারবে না। চাকরিরত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। তবে তাদেরকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে ভর্তি কার্যক্রম সম্পাদন করতে হবে। ভর্তির ক্ষেত্রে সরকারি, আধা-সরকারি, বেসরকারি, দেশী ও আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা, গণমাধ্যম, দাতাসংস্থা এবং সশস্ত্র বাহিনীসহ অন্যান্য প্রতিষ্ঠানে দুর্যোগ ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ ব্যক্তিদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।

**আবেদন গ্রহণের স্থান ও তারিখ:** ডিজাস্টার সায়েন্স এন্ড ক্লাইমেট রেজিলিয়েন্স বিভাগের অফিসকক্ষ থেকে ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা ফি প্রদান করে বিজ্ঞপ্তি প্রকাশের দিন থেকে ২৪ জুলাই ২০২৩ তারিখ পর্যন্ত সকল কর্ম দিবসে সকাল ৯.০০টা থেকে বিকাল ৫.০০টা পর্যন্ত আবেদনপত্র সংগ্রহ করা ও জমা দেয়া যাবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের [www.du.ac.bd/body/DSM](http://www.du.ac.bd/body/DSM) ওয়েব সাইটে আবেদনপত্র পাওয়া যাবে। নির্ধারিত আবেদন পত্রের সাথে সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও মার্কশীটের সত্যায়িত কপি জমা দিতে হবে।

**লিখিত পরীক্ষার তারিখ ও সময়:** লিখিত পরীক্ষার সম্ভাব্য তারিখ আগামী ২৯ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ, শনিবার বিকাল ৩.৩০টা থেকে ৫.৩০টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য ওয়েব সাইটে পাওয়া যাবে।

ক্লাস সময়সূচি: শুক্রবার ও শনিবার।

*Salman*

অধ্যাপক ড. মোঃ জিল্লুর রহমান  
চেয়ারম্যান

প্রয়োজনীয় তথ্যের জন্য যোগাযোগ:

৮৮-০৯৬৬৬৯১১৪৬৩, ৭৩৩২  
০১৮৯৬১১৬৩৬১.০১৮৯৬১১৬৩৬২.০১৮৯৬১১৬৩৬৩  
E-mail: [dsm@du.ac.bd](mailto:dsm@du.ac.bd)  
website: [www.du.ac.bd/body/DSM](http://www.du.ac.bd/body/DSM)